

সমকালৈ

১/ বিশ্ববিদ্যালয়ে ভর্তি ॥ ভর্তিতে সমন্বিত পরীক্ষার প্রস্তাব রাষ্ট্রপতির

[১৯ পৃষ্ঠার পর]

বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ড. খান মো. সাইফুল ইসলাম, বুয়েটের সহযোগী অধ্যাপক ড. নাসরীন আকতার, ঢাকা বিশ্ববিদ্যালয়ের সহযোগী অধ্যাপক ড. মো. মিমুল ইসলাম, রাজশাহী ইউনিভার্সিটি অব ইঞ্জিনিয়ারিং অ্যান্ড টেকনোলজির প্রভাষক মো. ইমরান হাসান, খুলনা বিশ্ববিদ্যালয়ের সহকারী অধ্যাপক ড. শেখ জামাল উদ্দিন, রাজশাহী বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ড. মোর্বীরা সিনিকা ও চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ড. খান তোহিদ ওসমান।

■ বিভিন্ন শিক্ষার্থীদের ভর্তি পরীক্ষার দুর্ভোগ লাঘবে সমন্বিত পরীক্ষার প্রস্তাব দিয়েছেন বাংলাদেশের বিশ্ববিদ্যালয়গুলোর আচার্য রাষ্ট্রপতি আবদুল হামিদ।

বিধবার রাজধানীর ওসমানী স্কৃতি মিলনায়তনে বাংলাদেশ বিশ্ববিদ্যালয়ের মণ্ডের কমিশনের 'অষ্টম ইউজিসি আয়োজন' প্রদান অনুষ্ঠানে রাষ্ট্রপ্রধান শিক্ষার্থীদের এই দুর্ভোগের বিষয়টিতে সবার দ্রষ্টি আকর্ষণ করেন।

তিনি বলেন, 'অন্যান্য বছরের মতো এ বছরও বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে বিশেষ কর্তৃ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়গুলোতে ভর্তিচ্ছ শিক্ষার্থীদের এক শহর থেকে অন্য শহরে ছেটাছুটি করতে হয়েছে।'

'বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে ভর্তি পরীক্ষায় অংশ নিতে গিয়ে অভিভাবক ও শিক্ষার্থীরা যে অবর্ণনীয় সমস্যা, বিশেষ করে যাতায়াত ও থাকা-থাওয়ার সমস্যায় পড়েছেন, তা কল্পনাতীত।'

অনুষ্ঠানে ২০১৪ এবং ২০১৫ সালে ইউজিসি আয়োজনে প্রতিবছর ভর্তি জনের হাতে ফ্রেস্ট, সনদ ও চেক তুলে দেন আবদুল হামিদ।

ইউজিসি দেশের বিশ্ববিদ্যালয় শিক্ষকদের মৌলিক গবেষণা ও প্রকাশনায় উৎসাহ দেওয়ার জন্য ১৯৮০ সাল থেকে প্রতিবছর বিভিন্ন শাখায় প্রবন্ধ ও পুস্তকের জন্য এ পুরস্কার দিয়ে আসছে।

অনুষ্ঠানে পুরস্কারপ্রাপ্ত শিক্ষকদের প্রকাশিত প্রবন্ধের জন্য ৫০ হাজার এবং বইয়ের জন্য ৭৫ হাজার ঢাকা সম্মানী দেওয়া হয়।

ইউজিসি চেয়ারম্যান আবদুল মানানের সভাপতিকে অনুষ্ঠানে আরও বক্তব্য রাখেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ ও ইউজিসির সদস্য দিল আফরোজা বেগম।

পুরস্কার পেলেন যারা : ২০১৪ সালে গবেষণায় পুরস্কারপ্রাপ্তরা হলেন— রাজশাহী বিশ্ববিদ্যালয়ের সহযোগী অধ্যাপক ড. অসিত রায়, ডাক্ষেত্তিল ইটারনাশনাল ইউনিভার্সিটির প্রভাষক আবদুর্রাহ-আল-আরিফ, রাজশাহী বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ড. প্রগত কুমার পাতে, বাংলাদেশ কৃষি

পৃষ্ঠা ৪ : কলাম ২

প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের সহযোগী অধ্যাপক ড. আয়শা আখতার ও সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়ের প্রাথমিক বিভাগের অধ্যাপক ড. মো. মাছুদুর রহমান।

২০১৫ সালের প্রকৌশলপ্রাপ্তরা হলেন— জাতীয় বিশ্ববিদ্যালয়ের সহকারী অধ্যাপক ড. জগন্নাথ বড়ুয়া, বেসরকারি উত্তরা বিশ্ববিদ্যালয়ের সিনিয়র প্রভাষক মোহাম্মদ বদরুজ্জামান, শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের সহকারী অধ্যাপক মনির উদ্দিন আহমেদ, রাজশাহী বিশ্ববিদ্যালয়ের সহকারী অধ্যাপক ড. আহমদ হুমায়ুন কবির, খুলনা বিশ্ববিদ্যালয়ের ফরেস্ট অ্যান্ড উড টেকনোলজি বিভাগের অধ্যাপক ড. মো. ইফতেখার শামস, ঢাকা বিশ্ববিদ্যালয়ের তাত্ত্বিক পদার্থবিজ্ঞান বিভাগের অধ্যাপক ড. গোলাম মোহাম্মদ ভুঁঝা, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের কম্পিউটার বিজ্ঞান ও প্রকৌশল বিভাগের অধ্যাপক ড. মোহাম্মদ অহিয়ার রহমান, চট্টগ্রাম